# যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেটর এবং মেন্টরের কাজের মুল্যায়ন পদ্ধতি ও সম্মাননা প্রদান নীতি - ২০১৮

## ১। ভূমিকাঃ

রূপকল্প ২০২১ এবং ২০৪১ কে সামনে রেখে বর্তমান সরকার ''ডিজিটাল বাংলাদেশ'' বিনির্মানসহ বাংলাদেশকে উন্নত সমৃদ্ধ রাষ্ট্রে উন্নীত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এর অন্যতম উপাদান নাগরিক চাহিদা/সেবা যথাযথভাবে প্রদান করা সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের দায়িত্ব। লক্ষ্য করা যায় নাগরিক চাহিদা ও সমস্যার মধ্যে ব্যাপক বৈচিত্র রয়েছে। সরকারি বিদ্যমান সেবাসমুহ সহজিকরণের মাধ্যমে সেবা গ্রহনের ক্ষেত্রে নাগরিক সমস্য সমাধানকল্পে তৃণমুল পর্যায়ে সরকারি সকল পেশাজীবির চিন্তায় বিভিন্ন ধরণের ইনোভেটিভ আইডিয়া তৈরি হওয়া একটি সাধারণ প্রক্রিয়া। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের এ সকল আইডিয়া উদ্ভাবনের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কার্যক্রম হতে কয়েক বৎসর পূর্ব থেকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ইনোভেটিভ আইডিয়া প্রনয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর আওতায় যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ের উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং এটুআই এর কারিগরী সহযোগিতার মাধ্যমে স্ব-স্ব কর্ম এলাকায় উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন করে যাচ্ছেন।

এরই ধারাবাহিকতায় এপ্রিল ২০১৭ মাসে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের মাঠ পর্যায়ের আইডিয়াগুলোর সমন্বয়ে ''শো-কেসিং'' কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালার সুপারিশ অনুযায়ী বর্তমানে এর কয়েকটি আইডিয়া জাতীয় পর্যায়ে রেপ্লিকেশন করা হচ্ছে। ইনোভেশন সংস্কৃতিকে অগ্রসর করার লক্ষ্যে অধিদপ্তরের ২৫জন কর্মকর্তাকে এটুআই কর্তৃক মেন্টর প্রশিক্ষণও প্রদান করা হয়েছে। ইনোভেশনকে প্রাতিষ্ঠানিক রূপদান করার জন্য একজন ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি টিম গঠিত হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটুআই এর পরামর্শে ইনোভেশন টিম যথাযথভাবে তাদের কার্যাবলী সম্পাদনে সচেষ্ট রয়েছে।

২। <u>উদ্দেশ্যঃ</u>

যে কোন ভাল কাজের যথাযথ মুল্যায়ন ও স্বীকৃতিই কেবল অব্যাহত ও ভাল কাজ করার প্রতিযোগিতার ক্ষেত্র তৈরি করতে পারে। যুব উন্নয়ন অধিদপ্তরের যে সমস্ত ইনোভেটর/মেন্টর স্ব-স্ব ক্ষেত্রে ভাল কাজ করেছেন তাদের মূল্যায়ন ও সম্মামনা প্রদানের উদ্দেশ্যে এ নীতি প্রণয়ন করা হল। এ নীতি অনুসরণে প্রতি বছর নতুন নতুন ইনোভেটর/ মেন্টরগণের মধ্যে যারা, উদ্ভাবনী উদ্যোগ গ্রহন ও চর্চায় উল্লেখযোগ্য মেন্টরশীপ প্রদানের মাধ্যেমে যথাযথ উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করবেন, তাদেরকে মূল্যায়ন ও সম্মাননা প্রদানের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন করা হবে। এ সকল কর্মকর্তাদের বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদান প্রক্রিয়া সহজতর হবে এবং সেবা গ্রহিতাগণ পূর্বের তুলনায় কম খরচ, সময় ও ভ্রমন করে সেবা গ্রহন করতে পারেন।

৩। <u>প্রযোজ্য ক্ষেত্রঃ</u>

৩.১ জেলা ও উপজেলা কার্যালয়ে কর্মরত ইনোভেটর যারা উদ্ভাবনী উদ্যোগ গ্রহন এবং পাইলট প্রকল্প বাস্তবায়ন করেছেন ;

৩.২ যে সমস্ত ইনোভেটর তাদের পাইলট উদ্যোগকে পর্যায়ক্রমে স্ব-স্ব কর্ম এলাকায় অবিরত সম্প্রসারণ করছেন ;

৩.৩ যে সমস্ত উদ্যোগ শো-কেসিং হতে রেপ্লিকেশনের সুপারিশ পেয়েছে ;

৩.৪ ইনোভেশন টিমের সদস্য/মেন্টর যারা ইনোভেটিভ উদ্যোগ এবং পাইলট প্রকল্প বাস্তবায়নকল্পে স্ব-স্ব মেন্টিগণকে কার্যকর মেন্টরশীপ প্রদানে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করবেন ;

৩.৫ জেলা, উপজেলা ও বিভাগ পর্যায়ে যারা পুরস্কৃত হয়েছেন ;

৩.৬ যাদের উদ্যোগগুলোকে এটুআই কর্তৃক স্বীকৃতি প্রদান করা হয়েছে ; এবং

৩.৭ উপজেলা থেকে জাতীয় পর্যায়ে পুরস্কারের জন্য মনোনয়ন অগ্রায়ন করা হয়েছে ।

৪। মূল্যায়ন সূচক (Indicator) ঃ

নিম্নেবর্ণিত সূচক (Indicator) এর ভিত্তিতে নির্ধারিত কমিটি কর্তৃক সম্মাননা প্রদানের জন্য ইনোভেটর/ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়নকারী নির্বাচন করা হবে। সম্মাননা প্রদানের জন্য নিম্নের ছকে উল্লিখিত সূচককে বিবেচনা করে নম্বর প্রদান করা হবে।

| ক্রঃনং | সূচক (Indicator) | নম্বর বন্টন |
|---|---|---|
| ৪.১ | উদ্ভাবনী আইডিয়ার নাম | ৩ |
| ৪.২ | ধারণকৃত আইডিয়া পাইলটিং হয়েছে কিনা (হ্যাঁ/না) | ২ |
| ৪.৩ | আইডিয়া বাস্তবায়নে কভারেজ (গ্রাম সংখ্যা) | ৩ |
| ৪.৪ | আইডিয়া বাস্তবায়ন পাইলটিং কাল (............ হতে................) | ৩ |
| ৪.৫ | পাইলটিংকালে সুবিধাভোগীর সংখ্যা | ৩ |
| ৪.৬ | পাইলটিং আইডিয়া স্থানীয়ভাবে রেপ্লিকেশন হচ্ছে কিনা (হ্যাঁ/না) | ৫ |
| ৪.৭ | রেপ্লিকেটেড গ্রামের কভারেজ (গ্রাম সংখ্যা) | ৫ |
| ৪.৮ | রেপ্লিকেটেড গ্রামে উপকারভোগীর সংখ্যা | ৫ |
| ৪.৯ | উপকারভোগীদের সন্তুষ্টি নিরুপন করা হয়েছে কিনা (হ্যাঁ/না) | ৩ |
| ৪.১০ | হয়ে থাকলে কিভাবে (পদ্ধতি) | ৩ |
| ৪.১১ | সন্তুষ্টির সংখ্যা ..................... এবং হার ....................(%) | ৪ |
| ৪.১২ | ১ম আইডিয়া বাস্তবায়নের পর ২য় আইডিয়া নেয়া হয়েছে কিনা | ৫ |
| ৪.১৩ | হয়ে থাকলে তার নাম | ৫ |
| ৪.১৪ | পাইলটিং হয়েছে কিনা (হ্যাঁ/না) | ২ |
| ৪.১৫ | পাইলটিং কাল (.............. হতে...............) | ৩ |
| ৪.১৬ | পাইলটিং কভারেজ (গ্রাম সংখ্যা) | ৩ |
| ৪.১৭ | উপকারভোগীর সন্তুষ্টি নিরুপন করা হয়েছে কিনা (হ্যাঁ/না) | ৩ |
| ৪.১৮ | পাইলটিংকালে সুবিধাভোগীর সংখ্যা | ৫ |
| ৪.১৯ | সন্তুষ্টির সংখ্যা ............. এবং হার ..................... (%) | ৪ |
| ৪.২০ | প্রকল্পটি বাস্তবায়নে SIF তহবিল হতে অনুদান প্রাপ্ত কিনা (হ্যাঁ/না) | ৫ |

| | | |
|---|---|---|
| ৪.২১ | প্রকল্পটি বাস্তবায়নে স্থানীয়ভাবে অনুদান প্রাপ্ত কিনা (হ্যাঁ/না) | ৪ |
| ৪.২২ | উপজেলা, জেলা, বিভাগ হতে স্বীকৃতি প্রাপ্ত কিনা (হ্যাঁ/না) | উপজেলা- ১<br>জেলা- ২ বিভাগ- ৩ |
| ৪.২৩ | জাতীয়/কেন্দ্রীয়ভাবে স্বীকৃতিপ্রাপ্ত কিনা (হ্যাঁ/না) | ৪ |
| ৪.২৪ | ডকুমেন্টেশন হয়েছে কিনা (হ্যাঁ/না) | ৫ |
| ৪.২৫ | কার্যক্রমের প্রচারঃ<br>৪.২৫.১ স্থানীয় সংবাদপত্র | ২ |
| | ৪.২৫.২ জাতীয় সংবাদপত্র | ৩ |
| | ৪.২৫.৩ ইলেকট্রনিক মিডিয়া | ৩ |
| | ৪.২৫.৪ সভা সমাবেশ | ২ |
| | ৪.২৫.৫ সোস্যাল মিডিয়ার ব্যবহার | ২ |
| | মোট নম্বর | ১০০ |

৫। <u>মূল্যায়ন সূচক (Indicator) (মেন্টর/সদস্য ইনোভেশন টিম)ঃ</u>

ইনোভেশন অফিসার তার টিমের সদস্য ও মেন্টরগণের কাজকে নিম্নবর্ণিত সূচকের ভিত্তিতে মূল্যায়ন করে স্বীকৃতি প্রদানের জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচন করবেন। এ ক্যাটিগরিতে সম্মাননা প্রদানের জন্য ছকে বর্ণিত ১০টি সূচকের ভিত্তিতে নম্বর প্রদান করা হবে।

| ক্রঃনং | সূচক (Indicator) | নম্বর বন্টন |
|---|---|---|
| ৫.১ | ইনোভেশন সংস্কৃতিকে এগিয়ে নেয়ার আগ্রহ | ২ |
| ৫.২ | মেন্টরিং এ আগ্রহ | ২ |
| ৫.৩ | মেন্টিগণের সাথে কার্যকর যোগাযোগে অবদান | ৩ |
| ৫.৪ | মেন্টরিং এ সফলতা | ৫ |
| ৫.৫ | ইনোভেটিভ উদ্যোগ শ্রম ও বাস্তবায়নে আগ্রহ | ২ |
| ৫.৬ | সোস্যাল মিডিয়া ব্যবহারে আগ্রহ ও অবদান | ২ |
| ৫.৭ | ইনোভেশন সভায় উপস্থিতি | ২ |
| ৫.৮ | সভায় এবং টিমের কাজে অবদান | ২ |
| ৫.৯ | ইনোভেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নে আগ্রহ ও পরিমান | ২ |
| ৫.১০ | ইনোভেশন সংশ্লিষ্ট অন্যকাজে আগ্রহ ও পরিমান | ৩ |
| | | ২৫ |

৬। <u>সম্মাননা প্রদানের জন্য বাছাই কমিটিঃ</u>

| | | |
|---|---|---|
| ৬.১ | ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর | সভাপতি |
| ৬.২ | ইনোভেশন টিমের মনোনিত সদস্য (০৩ জন) | সদস্য |
| ৬.৩ | চীফ ইনোভেশন অফিসারের প্রতিনিধি | সদস্য |
| ৬.৪ | ইনোভেশন টিমের (সদস্য সচিব) | সদস্য সচিব |

৭। <u>সম্মাননা দুই ধরণের হবেঃ</u>

৭.১ <u>বিদেশ প্রশিক্ষণ/স্টাডিট্যুর/ভিজিটে অংশগ্রহণের সুযোগ তৈরীঃ</u> (এ ধরণের প্রশিক্ষণ/স্টাডিট্যুর/ ভিজিটে স্বীকৃতিপ্রাপ্ত ইনোভেটর/মেন্টরগণের অন্তর্ভূক্তির বিষয়টি বিবেচনার জন্য কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে)।

৭.২ <u>স্থানীয়ভাবে চার ধরণের হবেঃ</u>

৭.২.১ সার্টিফিকেট এবং ক্রেষ্ট প্রদান।
৭.২.২ ক্রেষ্ট প্রদান।
৭.২.৩ সার্টিফিকেট প্রদান।
৭.২.৪ প্রশংসাপত্র প্রদান।

৮। <u>সম্মাননার সংখ্যাঃ</u>

৮.১ প্রতিবছরে মোট পরিমান- ০৯টি (তবে প্রশংসাপত্র প্রদান এ সংখ্যার অতিরিক্ত বলে বিবেচিত হবে)।
৮.২ মাঠ পর্যায়ের ইনোভেটর- ০৮টি
৮.৩ মেন্টর/ইনোভেশন টিমের সদস্য- ০১টি (তবে চাহিদা উন্মুক্তার ভিত্তিতে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর সম্মাননার সংখ্যা বাড়ানোর ব্যবস্থা নিতে পারবেন) এবং উপযুক্ত ইনোভেটর পাওয়া না গেলে (নির্ধারিত সূচকের ভিত্তিতে মূল্যায়নপূর্বক) সম্মাননার সংখ্যা কমে যাবে)।

৯। <u>সম্মাননা প্রদান পদ্ধতিঃ</u>

৯.১ কমিটি প্রতিবছর ফেব্রুয়ারী মাসে ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে সারাদেশ হতে সম্মাননা প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করবে;

৯.২ মার্চ মাসের ১ম সপ্তাহে আবেদন বাছাই করতঃ সম্মাননা প্রদানের লক্ষ্যে তালিকা প্রনয়ন করবে;

৯.৩ প্রনীত তালিকায় যথাযথ কর্তৃপক্ষের (মহাপরিচালকের) অনুমোদন গ্রহন করবে;

৯.৪ নির্ধারিত সংখ্যক ক্রেস্ট ও সনদ প্রদানের ব্যবস্থা নিতে অর্থ শাখাকে অনুরোধ জানাবে এবং

৯.৫ কেন্দ্রীয়ভাবে একটি অনুষ্ঠানের মাধ্যমে সম্মাননা প্রদানের ব্যবস্থা গ্রহন করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানাবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

সালেহ্ উদ্দিন আহমেদ
সহকারী পরিচালক (আইসিটি)
ও
সদস্য
ইনোভেশন টিম।

---

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ১২/০৬/২০১৮খ্রিঃ তারিখে ৩৪.০১.০০০০.০০৮.২৩.০৪৫.১৮-৩৯ সংখ্যক স্মারকে প্রকাশিত।